

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৫

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ২৩. মুহাকাল্লা ও মুযাবানা সম্পর্কে

### باب في المُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَوْنٍ أَخْبَرَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو ح وَحَدَّثَنَا مُسَدَّدٌ حَدَّثَنَا يَحْيَى عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْمُحَاقَلَةِ وَالْمُزَابَنَةِ قَالَ عَبْدُ اللَّهِ الْمُحَاقَلَةُ بَيْعُ الزَّرْعِ بِالْبُرِّ وَقَالُوا كَذَلِكَ يَقُولُ ابْنُ الْمُسَيَّبِ

বাংলা

২৫৯৫. আবু সাঈদ খুদরী রাঈয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'মুহাকাল্লা' ও 'মুযাবানা'[1] থেকে বারণ করেছেন।[2] আব্দুল্লাহ বলেন, মুহাকাল্লা হলো (আহরিত শুকনো) গমের বিনিময়ে ক্ষেতের শস্য ক্রয়-বিক্রয় করা। আর তারা বলেন, ইবনুল মুসাইয়্যিবও তা-ই বলতেন।

ফুটনোট

[1] বুখারীতে মুযাবানার ব্যাখ্যা করা হয়েছে:- শুকনো খেজুরের বিনিময়ে গাছের মাথায় অবস্থিত তাজা ফল ক্রয় করা।

আর মুসলিমে রয়েছে: 'জাবির ইবনু আব্দুল্লাহ রাঈয়াল্লাহু আনহু বলেন: 'মুযাবানা': ফলের বিনিময়ে খেজুর। এবং 'হুকুল': চাষের জমির ভাড়া (বর্গা দেওয়া)।'

আর সাহাবীই এ হাদীসের উদ্দেশ্য অধিক অবগত। আল্লাহই ভাল জানেন। দেখুন, বাইহাকীর মা'রিফাহ ৮/৯৩-৯৭।

[2] তাহকীক: এর সনদ হাসান। তবে হাদীসটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, বুয় ২১৮৬; মুসলিম, বুয় ১৫৪৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১১৯১, ১২৬৯, ১৩১৯ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82880>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন